66

দৈনিক জনকণ্ঠ

তারিখ ..0.2 APR. 1996 ... ...
পৃষ্ঠা ৯ কলাম ৬.....

# যশোর বোর্ডের কয়েক হাজার ছাত্রছাত্রীর ভাগ্য নিয়ে খেলা!

**স্টাফ রিপোর্টার॥** উত্তরপত্র পুনর্নিরীক্ষণের জন্য আবেদনকারী যশোর বোর্ডের কয়েক হাজার উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থীর ফল পাঁচ মাসেও প্রকাশিত না হওয়ায় এসব ছাত্রছাত্রী উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির সুযোগ থেকে বঞ্চিত হতে চলেছে।

গত বছরের ১৫ অক্টোবর যশোর বোর্ডের উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফল প্রকাশিত হয়। পরীক্ষার ফলে মারাত্মক অসঙ্গতি থাকায় কয়েক হাজার ছাত্রছাত্রী তাদের উত্তরপত্র পুনর্নিরীক্ষণের জন্য আবেদন জানায়। কিন্তু পাঁচ মাস পরেও তাদের সংশোধিত ফল প্রকাশ করা হয়নি। অথচ বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির শেষ সময় অতিক্রান্ত হয়ে যাচ্ছে। পরবর্তী উচ্চ মাধ্যমিক পরীক্ষা অনুষ্ঠানেরও আর বেশি দেরি নেই। এর ফলে এসব ছাত্রছাত্রী এখন চরম অনিশ্চয়তার মধ্যে রয়েছে।

ভুক্তভোগী ছাত্রছাত্রীরা জানিয়েছে, চার-পাঁচ দিনের মধ্যেও যদি পরীক্ষার ফল প্রকাশ করা হয় তবে তারা ভর্তির একটা সুযোগ পাবে। নইলে তাদের একটি মূল্যবান শিক্ষা বছর নষ্ট হবে। ছাত্রছাত্রীরা যত শীঘ্র সম্ভব তাদের ব্যাপারে সিদ্ধান্ত নেয়ার জন্য যশোর শিক্ষা বোর্ডের প্রতি আবেদন জানায়।